

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 02-11-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নারী শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেছেন।
(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বসহায়ক দলগুলি আর্থিক মানবিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।
(৩) দেশের সবচেয়ে ভারী কৃত্রিম যোগাযোগ উপগ্রহের আজ সফল উৎক্ষেপন।
(৪) রঞ্জিট্রফির চারদিনের খেলার দ্বিতীয় দিনে লড়াকু স্কোর গড়েছে সফরকারী বাংলা।
- *****

President:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশকে উন্নত রাষ্ট্র পরিনত করতে পূর্ব প্রতিশ্রুতির উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে এই লক্ষ্য অর্জনের জন্য নারী ও পুরুষ উভয়ের সমান অংশগ্রহণ প্রয়োজন। আজ হরিদ্বারে পতঙ্গলি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি একথা বলেন।

President

নারী শিক্ষার গুরুত্ব তুলে ধরে শ্রীমতি মুর্মু বলেন, শিক্ষিত কন্যারা দেশের গর্ব বৃদ্ধি করবে। এরপর রাষ্ট্রপতি উত্তরাখণ্ডের দেরাদুনের রাজপুর রোডে ফুট ওভারব্রিজের উন্মোচন করেন। এর আগে আজ সকালে তিনি দিনের উত্তরাখণ্ড

সফরে রাষ্ট্রপতি দেরাদুনের জলি গ্রান্ট বিমানবন্দরে পৌঁছুলে রাজ্যপাল গুরমিত সিং এবং মুখ্যমন্ত্রী পুঁক্ষৰ সিং ধামি স্বাগত জানান।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লিতে বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন কনক্লেভ, ২০২৫-এর উদ্বোধন করবেন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী দেশে ইকোসিস্টেম বৃদ্ধির জন্য ১ লক্ষ কোটি টাকার গবেষণা, উন্নয়ন এবং উন্নয়ন প্রকল্প তহবিলেরও সূচনা করবেন। তিনি দিনব্যাপী এই কনক্লেভ আগামি ৫ই নভেম্বর শেষ হবে। কনক্লেভের লক্ষ্য হল শিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান, শিল্প ক্ষেত্র এবং সরকারের তিনি হাজারেরও বেশি অংশগ্রহণকারীকে একত্রিত করা। এখানে আলোচনা, উপস্থাপনা এবং প্রযুক্তি প্রদর্শনের সুযোগ থাকবে। ভারতের বিজ্ঞান ও প্রযুক্তি'র বাস্তুতন্ত্রকে শক্তিশালী করতে গবেষক, শিল্প এবং তরুণ উন্নয়নকদের মধ্যে সহযোগিতার ক্ষেত্রে এটি একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

Sanskriti Hut- CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আগরতলা নন্দন নগরের সেনপাড়ায় সান্তাহিক হাটের সংস্কৃতি চর্চা ও জীবিকা উন্নয়নে গ্রামীণ জীবিকা মিশনের পক্ষ থেকে পশ্চিম জেলা ও পুরাতন আগরতলা ব্লককে একককালীন ৫০ লক্ষ ২৫ হাজার টাকা অনুদান দেওয়া সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ আগরতলার নন্দননগর সেনপাড়াস্থিত সান্তাহিক সংস্কৃতি হাটের শততম সপ্তাহ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন রাজ্যে বর্তমানে ১ লক্ষ ৮ হাজার জন লাখপতি দিদি রয়েছেন এবং ৪ লক্ষ ৮৫ হাজার

স্বসহায়ক দল রয়েছে। তিনি বলেন এই স্বসহায়ক দলগুলি দেশের আর্থিক মানবোষ্টন ঘটিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আনন্দিত ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

CM Byte

অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিক্সু রায়, বাংলা সংস্কৃতি বলয়ে বিশ্ব কমিটির সভাপতি সেবক ভট্টাচার্য বঙ্গব্য রাখেন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পশ্চিম প্রিপুরা জেলাশাসক ডাঃ বিশাল কুমার, রাজ্য সংস্কৃতি উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ। উল্লেখ্য এই বছর ডিসেম্বর মাসে সাপ্তাহিক সংস্কৃতি হাট দ্বিতীয় বছরে পদার্পন করবে।

Sabroom Press Media:

নবগঠিত সাক্রম প্রেস- মিডিয়া ক্লাবের অফিসগৃহের আজ দ্বারোদঘাটন হয়। দ্বারোদঘাটন করেন রাজ্য সরকারের মিডিয়া এডভাইজারী কমিটির সদস্য বরিষ্ঠ সাংবাদিক সজল কান্তি বৈদ্য।

CM:

রাজ্য শান্তির বাতাবরণ প্রতিষ্ঠার লক্ষ্যেই কাজ করছে সরকার। আজ রবিন্দ্র শতবার্ষিকী ভবনে সন্দৃশ্য শারদ সম্মান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি আরও বলেন রাজ্যের সাংস্কৃতিক চর্চা অনেক বেশি উন্নত হয়েছে। নেশা, এইচআইভির বিরুদ্ধে ক্লাব সহ সমাজের সকল অংশের মানুষকে মিলিত প্রয়াস নেওয়ার আহ্বান জানান তিনি।

Murasing Mela preparation:

দক্ষিন জেলার পতিছড়ি মুড়াসিং পাড়ার শ্রী শ্রী হরিচাঁদ গোস্বামীর মন্দিরে রাস পূর্ণিমা উপলক্ষে এবারও অনুষ্ঠিত হবে মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব। ৫ই নভেম্বর বনমন্ত্রী অনিমেষ দেববর্মা এই উৎসবের উদ্বোধন করবেন। আজ এক সাংবাদিক সম্মেলনে এই খবর জানান মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব কমিটির সম্পাদক ভাগ্যচরণ মুড়াসিং।

Natural Farming:

উনকোটি জেলার ২০০ হেক্টার জমিতে জৈব পদ্ধতিতে চাষাবাদ শুরু হয়েছে। কৃষি দপ্তরের উপ-অধিকর্তা সোমেন নন্দী আজ জানান, মোট আটটি ক্লাষ্টারে ভাগ করে এই চাষ হচ্ছে। এক্ষেত্রে এক হাজার কৃষক যুক্ত রয়েছেন। মোট ষোল জন কৃষিস্থি কৃষকদের সঙ্গে নিবিড় যোগাযোগ স্থাপন করছেন। রাসায়নিক সার ও কীটনাশক এর পরিবর্তে প্রাকৃতিক ভাবে চাষাবাদ'কে উৎসাহিত করতে এধরণের পদক্ষেপ বলে তিনি জানান।

BJP Meeting - Dhalai :

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্যের পৌরোহিত্যে আজ আমবাসায় দলের এক সাংঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ওই জেলার বিজেপি বিধায়ক-বিধায়িকা, এম ডি সি, জেলা পদাধিকারী ও অ্যান্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

Blood Donation Camp:

জিরানিয়া মহকুমার বাগবাড়ি স্থিত সমাজ উন্নয়ন সংঘের উদ্যোগে আজ সংঘ প্রাঙ্গনে এক স্বেচ্ছা রক্ষণাবেক্ষণ শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রতন চক্রবর্তী। শিবিরে ৩৪ জন রক্ষণাবেক্ষণ করেন।

DYFI:

আজ আড়ালিয়া লোকনাথ পাড়ায় ডি ওয়াই এফ আই-এর উদ্যোগে এক রক্ষণাবেক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন আগরতলা পূর নিগমের প্রাক্তন ডেপুটি মেয়র সমর চক্রবর্তী, ডি ওয়াই এফ আই রাজ্য সম্পাদক নবারুন দেব প্রমুখ। শিবিরে ৪২ জন রক্ষণাবেক্ষণ করেন।

এদিকে, সংগঠনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ আগরতলার ছাত্র যুব ভবনে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডেলিউ. ডেলিউ. ডেলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

ISRO LAUNCHED CMS-03 today-spl story:

দেশের সবচেয়ে ভারী কৃতিম যোগাযোগ উপগ্রহ সি এম এস -জিরো থ্রীকে আজ অন্তর্প্রদেশের শ্রীহরিকোটায় সতিশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে উৎক্ষেপন করলো ভারতীয় মহাকাশ গবেষনা সংস্থা ইসরো। দেশের সবচেয়ে শক্তিশালী এল ভি এম থ্রী রকেটের মাধ্যমে মহাকাশের উদ্দেশ্যে উৎক্ষেপন হয় এই কৃতিম উপগ্রহের। একটি প্রতিবেদন।

v/o

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় এই সফল উৎক্ষেপনের জন্য ইসরো-র বিজ্ঞানীদের অভিনন্দন জানিয়েছেন।

AIR Sangeet Sammelan:

৬৭ তম আকাশবাণী সঙ্গীত সম্মেলন আজ দিনি, মুম্বাই এবং চেন্নাইতে কনসার্টের মাধ্যমে শুরু হয়েছে। এক মাসব্যাপী এই আয়োজনে দেশের ২৫টি শহরে শাস্ত্রীয় সঙ্গীত পরিবেশিত হবে। ১৯৫৪ সালে এই সম্মেলনের সূচনা হয়েছিলো। আকাশবাণী সঙ্গীত সম্মেলন ভারতের অন্যতম স্থায়ী সাংস্কৃতিক গ্রন্থিহ হিসেবে পরিগণিত হচ্ছে। ভারতের সমৃদ্ধ সঙ্গীত গ্রন্থিহ সংরক্ষণ, প্রচার এবং জনপ্রিয় করার ক্ষেত্রে সম্মেলনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। প্রসার ভারতীর সিইও গোরব দ্বিবেদী বলেন, COVID-19 মহামারীর কারণে সংক্ষিপ্ত বিরতির পরে, এই সঙ্গীত সম্মেলন এই বছর উৎসাহের সাথে ফিরে এসেছে। এবার প্রতিটি ভেনুয়েতে দুটি কনসার্ট প্রদর্শিত হবে, ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত এবং লোক সঙ্গীত।

SFI Medicos committee :

রাজ্যের তিনটি মেডিক্যাল কলেজের প্রথম বর্ষের ফলাফল নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে এসএফআই মেডিকোস কমিটি। আগরতলা সরকারি মেডিকেল কলেজের ফলাফল তুলনামূলকভাবে ভালো হলেও, রাজ্যের দুই বেসরকারি মেডিকেল কলেজ— টিএমসি ও শান্তিনিকেতন মেডিকেল কলেজের ফলাফল হতাশজনক। সংগঠন রাজ্যের বেসরকারি মেডিকেল কলেজগুলিতে শিক্ষার মান, শিক্ষক স্বল্পতা এবং পরিকাঠামোগত দুর্বলতা জ্ঞত খতিয়ে দেখা ও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবী জানিয়েছে।

Weather:

আগামী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। দিনের তাপমাত্রা থাকবে সর্বনিম্ন ২৫ থেকে সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস ও সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৫ ডিগ্রি সেলসিয়াস। বৃষ্টি হয়েছে ৫.৯ মিলিমিটার।

Ranji Trophy:

রঞ্জি ট্রফির চারদিনের খেলার দ্বিতীয় দিনে লড়াকু ক্ষেত্রে গড়েছে সফরকারী বাংলা। এম বি বি স্টেডিয়ামে আজ বাংলা এক উইকেটে ১৭১ রান থেকে দ্বিতীয় দিনে ব্যাট করতে নেমে প্রথম ইনিংসে দিনের শেষে ৯ উইকেট হারিয়ে ৩৩৬ রান করে। বাংলার সুনীপ ঘৰামি ১০৮ ও সাকির গান্ধী ৯৫ রান করেন।

রাজ্যদলের রাণা দত্ত ৩টি উইকেট পান। গতরাতের বৃষ্টির জন্য দ্বিতীয় দিনেও প্রথম বেলা খেলা নষ্ট হয়। ফলে এদিন ৫৫ ওভার খেলা হয়েছে।

Under 19 Cricket:

জাতীয় অনুর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ ক্রিকেটের পঞ্চম তথা শেষ ম্যাচেও আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। নাগপুরের লেডি অমৃতবাই দাগা কলেজ মাঠে অনুষ্ঠিত ম্যাচে আসাম ৭ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। ফলে আসরে টানা পাঁচ ম্যাচে রাজ্যদল পরাজিত হয়ে আসর থেকে বিদায় নিলো।

Under 17 State Football:

রাজ্যভিত্তিক অনুর্ধ্ব ১৭ বালক বিভাগের ফুটবল প্রতিযোগিতার সেমিফাইনালে উঠলো খোয়াই জেলা, ধলাই জেলা, সিপাহীজলা জেলা এবং ত্রিপুরা স্পোর্টস স্কুল। আগামীকাল অনুষ্ঠিত প্রথম সেমিফাইনালে প্রতিদ্বন্দ্বিতা করবে খোয়াই এবং ধলাই জেলা। দ্বিতীয় সেমিফাইনালে মুখোমুখি হবে ত্রিপুরা স্পোর্টস স্কুল এবং সিপাহীজলা জেলা। পরে, আগামীকালই অনুষ্ঠিত হবে ফাইনাল খেলা। উল্লেখ্য গতকাল বিকেলে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সিস্টেমিক ফুটবল মাঠে রাজ্যভিত্তিক অনুর্ধ্ব ১৭ বালক বিভাগের ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন হয়।
